

প্রেস বিজ্ঞপ্তি

‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩’
এর আবেদন গ্রহণের শেষ সময় ২৫ অক্টোবর

ঢাকা, ১০ অক্টোবর, ১৪২৪ বঃ; ২৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ

‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩’ প্রদান উপলক্ষে কৃষি ক্ষেত্রে সার্বিক উন্নয়নের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে কৃষি মন্ত্রণালয় কর্তৃক আবেদনপত্র গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠান কে ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩’ এর মনোনয়ন ফরম ও নিয়মাবলি সংগ্রহ করে তা পূরণপূর্বক ২৫ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। উপজেলা কমিটি প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই পূর্বক ০৬ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে জেলা কমিটির নিকট প্রেরণ করবেন এবং জেলা কমিটি ২০ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে তা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৩’ এর মনোনয়ন ফরম ও নিয়মাবলি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moa.gov.bd; কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইট www.dae.moa.gov.bd; কৃষি তথ্য সার্ভিসের ওয়েবসাইট www.ais.moa.gov.bd; সকল জেলা প্রশাসক এর কার্যালয় এবং সকল উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর কার্যালয়ে পাওয়া যাবে।



২৫.৯.১৭
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail: vivekroy07@yahoo.com